# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 04 May, 2025

ময়মনসিংহে সেপটিক ট্যাংকে পড়ে মামুন মিয়া (১৯) নামের এক নির্মাণ শ্রমিকের মর্মান্তিক মৃত্যু হয়েছে।রোববার (৪ মে) সন্ধ্যায় মহানগরীর শম্ভুগঞ্জ নলুয়াপাড়া এলাকার একটি নির্মাণাধীন বাড়িতে এ দুর্ঘটনা ঘটে।

নিহত মামুন মিয়া সদর উপজেলার আলালপুর নামাপাড়া এলাকার কাছু মিয়ার ছেলে।তিনি পেশায় নির্মাণ শ্রমিক হিসেবে কাজ করতেন।

পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, ঘটনার দিন সন্ধ্যায় আব্দুল হকের নির্মাণাধীন বাসায় তিন মাস আগে নির্মিত একটি সেপটিক ট্যাংক থেকে কাঠ তুলতে নামে মামুন।কিছুক্ষণ পর তার কোনো সাড়া-শব্দ না পেয়ে স্থানীয়রা বিষয়টি কোতোয়ালী মডেল থানা পুলিশকে জানায়।

পরে পুলিশ ফায়ার সার্ভিসকে খবর দিলে, ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে এসে সেপটিক ট্যাংকের ভিতর থেকে মামুনের মরদেহ উদ্ধার করে।

ময়মনসিংহ জেলা ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার জুলহাস উদ্দিন বলেন, পুলিশের খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে সেপটিক ট্যাংকের ভেতর মামুনের নিথর দেহ পড়ে থাকতে দেখি।মৃত অবস্থায় তাকে উদ্ধার করে পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।'

কোতোয়ালী মডেল থানার ওসি শফিকুল ইসলাম বলেন,মরদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।'

স্থানীয়রা জানান, ভবনের নির্মাণকাজে নিরাপত্তার যথাযথ ব্যবস্থা না থাকায় এই ধরনের দুর্ঘটনা ঘটেছে।অনেকে নির্মাণক্ষেত্রে নিরাপত্তা বিধির যথাযথ প্রয়োগ দাবি করেছেন।

মৃত্যু মরদেহ ফায়ার সার্ভিস পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:37

URL: https://www.timestodaybd.com/mymensingh/1919775807